১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
চেয়ারম্যানের কার্যালয়
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

## মাসিক সভার কার্যবিবরণী

**সভাপতি:** অ্যাড. মো: মহিতুল ইসলাম, চেয়ারম্যান, ১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
**সভার তারিখ:** ০১/১২/২০২২
**সময়:** সকাল ১০টা
**স্থান:** ইউপি হলরুম
**উপস্থিতি:** উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্ট্রারে সংরক্ষিত।

অদ্যকার সভায় ১২নং বল্লী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব অ্যাড. মো: মহিতুল ইসলাম সভাপতির আসন গ্রহণ করে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

**প্রথম আলোচ্যসূচি: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতির অনুমতিক্রমে ইউপি সচিব শেখ তানজির আহমেদ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার অসঙ্গতি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদন করা হয়।

**দ্বিতীয় আলোচ্যসূচি: ইউনিয়নের আইনশৃঙ্খলা প্রসঙ্গে।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের কাছে ইউনিয়নের সার্বিক আইনশৃঙ্খলা বিষয়ে জানতে চান। এ সময় উপস্থিত সদস্যরা ইউনিয়নের সার্বিক আ্ইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে উল্লেখ করে বলেন, আইনশৃঙ্খলা ভাল থাকলেও মাদকের ভয়াবহতা সর্বগ্রাসী হয়ে যুব সমাজকে ধ্বংস করছে। এছাড়া কিশোর গাঙ এর তৎপরতাও বেড়েছে। এজন্য সচেতনতা সৃষ্টির পাশাপাশি প্রতিরোধমূলক কর্মসূচি গ্রহণ করতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং মাদক বিরোধী সচেতনতা সৃষ্টির বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**তৃতীয় আলোচ্যসূচি: বাল্য বিবাহ প্রতিরোধ প্রসঙ্গে।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের উদ্দেশ্যে বাল্য বিবাহের ক্ষতিকর দিকসমূহ তুলে ধরেন এবং বল্লী ইউনিয়নে বাল্য বিবাহের হার শূন্য নামানোর জন্য করণীয় বিষয়ে সদস্যদের কাছে জানতে চান। এসময় উপস্থিত সদস্যরা আলোচনায় অংশ নিয়ে বলেন, বাল্য বিবাহের মূল কারণ কিশোরী মেয়েদের সামাজিক নিরাপত্তার সংকট। দরিদ্র পরিবারগুলো তাদের পরিবারের মেয়েদের নিরাপত্তা নিয়ে সবসময় উদ্বিগ্ন থাকে। এজন্য সমাজে বাল্য বিবাহের প্রবণতা কমছে না।
এ বিষয়ে ১, ২, ৩নং ওয়ার্ডের সংরক্ষিত ইউপি সদস্য কহিনুর বেগম বলেন, মেয়েদের আত্মকর্মসংস্থান ও কারিগরি শিক্ষা/প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী করে তুলতে পারলেই তাদের নিরাপত্তা বহুলাংশে নিশ্চিত হবে।
সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে ইউনিয়নের নারীদের আত্মকর্মসংস্থানের জন্য কারিগরি শিক্ষা/প্রশিক্ষণের জন্য সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগের সিদ্ধান্ত গৃহীত হয়।

**চতুর্থ আলোচ্যসূচি: ২০২২-২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে বরাদ্দকৃত অর্থে প্রকল্প গ্রহণ প্রসঙ্গে।**
উপরিউক্ত বিষয়ে আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করে বলেন যে, অত্র ইউনিয়ন পরিষদে ২০২২-২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ২,৩৯,০০০/- (দুই লাখ উনচল্লিশ হাজার) ও এক দশমিক সাত (১.৭) টন চাল এবং এক দশমিক সাত টন (১.৭) গম বরাদ্দ পাওয়া গেছে। এক্ষণে প্রকল্প গ্রহণ করতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নোক্ত প্রকল্পসমূহের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।
কাবিটা প্রকল্প তালিকা

| ক্রম | প্রকল্পের নাম | বরাদ্দ | ওয়ার্ড নং |
|---|---|---|---|
| ০১ | বল্লী কেন্দ্রীয় জামে মসজিদের মাঠ ভরাট | ২,৩৯,০০০/- | ২ |

**কাবিটা ০১নং প্রকল্প বাস্তবায়ন কমিটি:**
১। মো: সামছুর রহমান- ইউপি সদস্য- সভাপতি
২। মোছা: কহিনুর বেগম- ইউপি সদস্য- সদস্য সচিব
৩। ইউনুস আলী -ইমাম -সদস্য
৪। মুনসুর আলী -শিক্ষক -সদস্য
৫। আল আলাউদ্দীন -গণ্যমান্য ব্যক্তি- সদস্য

অ্যাড. আলহাজ্ব মোঃ মহিতুল ইসলাম
চেয়ারম্যান
১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

কাবিখা প্রকল্প তালিকা

| ক্রম | প্রকল্পের নাম | বরাদ্দ | ওয়ার্ড নং |
|---|---|---|---|
| ০১ | মোচড়া সিরাজুলের বাড়ি হতে নদীর বেড়ি অভিমুখে মাটির রাস্তা পুনঃনির্মাণ | ১.৭ টন চাল | ৩ |
| ০২ | হাজীপুর গাজীপাড়া জামে মসজিদের কবরস্থান ভরাট | ১.৭ টন গম | ৬ |

**কাবিখা ০১নং প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ**

১। কহিনুর বেগম -ইউপি সদস্য -সভাপতি
২। মনিরুল ইসলাম মনি-গণ্যমান্য -সদস্য সচিব
৩। হাবিবুর রহমান- সমাজকর্মী - সদস্য
৪। মামুনুর রহমান-শিক্ষক -সদস্য
৫। মোস্তফুজ্জামান-ইমাম-সদস্য

**কাবিখা ০২নং প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ**

১। রবিউল ইসলাম-ইউপি সদস্য -সভাপতি
২। ফারুক হোসেন-গণ্যমান্য -সদস্য সচিব
৩। মাওলানা আব্দুল গফুর- শিক্ষক- সদস্য
৪। আব্দুল মান্নান- গণ্যমান্য-সদস্য
৫। হাফেজ শহিদুল্লাহ -ইমাম-সদস্য

পঞ্চম আলোচ্যসূচিঃ **ভূমি হস্তান্তর কর ১% এর** অর্থ ব্যয় ও প্রকল্প গ্রহণ প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ে আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করে বলেন যে, অত্র ইউনিয়ন পরিষদে ২০২২-২৩ অর্থবছরে ভূমি হস্তান্তর কর ১% এর আওতায় ১,৮২,৪০০/- টাকা (এক লাখ বিরাশি হাজার চারশত টাকা) বরাদ্দ দেওয়া হয়েছে। যা অত্র ইউনিয়নের ১% এর ব্যাংক হিসেবে জমা করা হয়েছে। এমতাবস্থায় উক্ত অর্থ দ্বারা উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

এ পর্যায়ে ১নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ রফিকুল ইসলাম আলোচনায় অংশ নিয়ে বলেন, ১% এর অর্থ দিয়ে পরিষদের মেম্বার-চেয়ারম্যানদের বকেয়া ভাতা (পরিষদের অংশ) পরিশোধ করা যেতে পারে।

একইভাবে ১, ২ ও ৩নং ওয়ার্ডের সংরক্ষিত ইউপি সদস্য কহিনুর বেগম আলোচনায় অংশ নিয়ে বলেন, ১% এর অর্থে সার্বিক নিরাপত্তা নিশ্চিতে পরিষদের চারপাশে সিসিটিভি স্থাপন করা যেতে পারে।

এ বিষয়ে উপস্থিত অন্যান্য সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

সিদ্ধান্ত ১: ১% এর অর্থে পরিষদের চেয়ারম্যান-মেম্বারদের এক মাসের বকেয়া ভাতা (পরিষদের অংশ) পরিশোধ করা হবে। বরাদ্দ: ৫৮,৩০০/- টাকা (আটান্ন হাজার তিনশত টাকা)।

সিদ্ধান্ত ২: প্রকল্পের নাম: বল্লী ইউনিয়ন পরিষদে সিসিটিভি স্থাপন। বরাদ্দ: ৬০,৩০০/- টাকা (ষাট হাজার তিনশত টাকা)।

প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ

১। কহিনুর বেগম, ইউপি সদস্য-সভাপতি
২। সামসুর রহমান, ইউপি সদস্য-সাধারণ সম্পাদক
৩। মনিরুল ইসলাম, ইউপি সদস্য-সদস্য
৪। হায়দার আলী, ইউপি সদস্য-সদস্য
৫। ঝর্না আক্তার, ইউপি সদস্য-সদস্য

ষষ্ঠ আলোচ্যসূচিঃ ইউনিয়নের মাসিক আয়-ব্যয় অনুমোদন প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব ইউপি সচিবকে মাসিক (নভেম্বর ২০২২) আয়-ব্যয়ের হিসাব উপস্থাপনের অনুরোধ জানান। সভায় ইউপি সচিব সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে মাসিক আয় ও ব্যয়ের হিসাব তুলে ধরেন। এতে দেখা যায়, সংস্থাপন ও সরকারি অনুদান ব্যতীত মাসিক মোট রাজস্ব আয় ৬৮১৫/- টাকা এবং মোট ব্যয় ৫১০০ টাকা (সেরেস্তা, আপ্যায়ন, মনোহরী... দৈনন্দিন খরচ)। অবশিষ্ট ১৮২০/- টাকা ইউনিয়ন পরিষদের ব্যাংক হিসাবে জমা (৪ ডিসেম্বর) দেওয়া হয়েছে। যা ক্যাশখাতা ২০২২-২৩ এ লিপিবদ্ধ আছে।

সভায় উপস্থিত সদস্যরা এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং পরীক্ষা-নিরীক্ষা অন্তে সর্বসম্মতিক্রমে নভেম্বর ২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব অনুমোদন ও আয়-ব্যয় ব্যাংক লেনদেনের মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করেন।

অদ্যকার সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভার সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ্যাড. আলহাজ্ব মোঃ মহিদুল ইসলাম
চেয়ারম্যান
১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা